# বাংলাদেশ কৃষি ব্যাংক

মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ইমেইল: dgmrmd@krishibank.org.bd
ফোন: 02-223384486


প্রকা/আরএমডি/অপারেশন-১(ICRRS)/২০২৩-২৪/৬৬৩৫(১২৫০)

তারিখঃ ২৯/০৫/২০২৪

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
৩। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
৪। আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যালয়।
৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
৬। সকল শাখা ব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বিনিয়োগ ঝুঁকি হ্রাসকল্পে বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে আইসিআরআরএস (ICRRS) রিপোর্ট প্রণয়ন প্রসঙ্গে।

মহোদয়

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক প্রকাশিত Guideline on Internal Credit Risk Rating System (ICRRS)-2022 এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। যোগ্য গ্রাহক নির্বাচন ও ঋণ প্রস্তাব মূল্যায়নের মাধ্যমে ব্যাংকের ঋণ ঝুঁকি ও খেলাপি ঋণ হ্রাসের লক্ষ্যে ICRRS গাইডলাইনটি প্রণীত হয়েছে। সংশ্লিষ্ট কার্যালয়সমূহ কর্তৃক ঋণ প্রস্তাব মূল্যায়নকালে উক্ত গাইডলাইন যথাযথভাবে অনুসরণের জন্য পরিচালনা পর্ষদের ৮৫২তম সভায় তাগিদ প্রদান করা হয়েছে।

০২। প্রণীত গাইড লাইনের আলোকে প্রস্তাবিত ঋণ হিসাবের ICRRS রেটিং নির্ধারণের ক্ষেত্রে উল্লেখযোগ্য শর্তাবলী নিম্নরূপঃ

ক) ভোক্তা ঋণ, স্বল্প মেয়াদী কৃষি ঋণ, ক্ষুদ্র ঋণ, ক্ষুদ্র প্রতিষ্ঠান (ঋণ সীমা ৫০ লক্ষ টাকার কম হলে), ক্ষুদ্র প্রতিষ্ঠান-ম্যানুফ্যাকচারিং (ঋণ সীমা ১ কোটি টাকার কম হলে), বীমা সংস্থা, ক্ষুদ্র আর্থিক প্রতিষ্ঠান ও মার্চেন্ট ব্যাংক ব্যতীত সকল ঋণের ক্ষেত্রে ICRRS প্রযোজ্য হবে;

খ) ঋণ প্রস্তাব সেটা নতুন, নবায়ন, বর্ধিতকরণ সকল ক্ষেত্রে আবশ্যিকভাবে ICRRS প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং ICRRS স্কোর রিপোর্ট অবশ্যই ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে;

গ) যদি কোনো ঋণ গ্রহীতার ব্যবসার একাধিক ক্ষেত্র (Multiple line of Business) থাকে সেক্ষেত্রে যে ব্যবসা থেকে সবচেয়ে বেশী লাভ বা রাজস্ব আসে সে ব্যবসাকেই রেটিং এর জন্য ব্যবহার করতে হবে। যদি গ্রাহককে নির্দিষ্ট করা না যায়, সেক্ষেত্রে Other Industry-if Manufacturing অথবা Other Service-if Service এর ভিত্তিতে ICRRS সম্পন্ন করতে হবে;

ঘ) ICRRS পরিমাণগত অংশ ক্রেডিট অফিসার/ এনালিস্ট এর মাধ্যমে এবং গুণগত অংশ শাখা ব্যবস্থাপক/ রিলেশনশিপ ম্যানেজার কর্তৃক সম্পন্ন হবে;

ঙ) ICRRS পরিমানগত স্কোর (Quantitative Score) তৈরীর জন্য ঋণ গ্রহীতার সর্বশেষ নিরীক্ষিত (Audited) আর্থিক বিবরণী ব্যবহার করতে হবে;

চ) পুরাতন আর্থিক বিবরণীর ভিত্তিতে রেটিং সম্পন্ন করা নিরুৎসাহিত করা হলো। ১৮ মাসের অধিক সময় পূর্বের আর্থিক বিবরণী পুরাতন হিসেবে পরিগণিত হবে। যদি যৌক্তিক কোনো কারণে নিরীক্ষিত আর্থিক বিবরণী প্রকাশে বিলম্ব হয় তবে কেবলমাত্র অনিরীক্ষিত হালনাগাদ আর্থিক বিবরণী দাখিল করা সাপেক্ষে পুরাতন আর্থিক বিবরণীর ভিত্তিতে রেটিং করা যেতে পারে। এক্ষেত্রে রেটিং গ্রেড 'প্রান্তিক' এর চেয়ে বেশী হবে না। এমতাস্থায়, নিরীক্ষিত আর্থিক বিবরণী যখনই পাওয়া যাবে তখনই তার আলোকে পুনরায় রেটিং করতে হবে;

চলমান পাতা-০২

ছ) নতুন প্রতিষ্ঠিত শিল্প/ব্যবসা যাদের অর্থপূর্ণ আর্থিক বিবরণী নেই, ব্যাংক তাদের রেটিং করার ক্ষেত্রে প্রজেক্টেড আর্থিক বিবরণী ব্যবহার করতে পারবে; তবে এক্ষেত্রে গ্রাহকের রেটিংমান কোনোক্রমেই 'প্রান্তিক' এর চেয়ে ভালো শ্রেণীভূক্ত করা যাবে না। গ্রাহকের পুরো বছরের ব্যবসায়িক কার্যক্রমের প্রতিফলন ঘটে এরূপ নিরীক্ষিত আর্থিক বিবরণী যখনই পাওয়া যাবে তখনই তার আলোকে পুনরায় রেটিং করতে হবে;

জ) ICRRS বিষয়ক বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন মোতাবেক, কোন গ্রাহকের পরিমানগত অংশের স্কোর যদি ৫০% এর নীচে হয়, তবে গুণগত অংশের স্কোর যাই হোক না কেন, গ্রাহকের সামগ্রিক রেটিং হবে অগ্রহণযোগ্য। উদাহরণস্বরূপ-

| পরিমানগত স্কোর (Quantitative Score) | গুণগত স্কোর (Qualitative Score) | সামগ্রিক স্কোর (Score Aggregated) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪৯% | ৯৮% | ৭০% | ৩ নং কলামে সামগ্রিক স্কোর অনুযায়ী ICRRS রেটিং 'ভালো'। কিন্তু পরিমানগত স্কোর < ৫০% হওয়ায় রেটিং 'অগ্রহণযোগ্য' হিসেবে বিবেচিত হবে। |
| বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ০৩-০১-২০২৪ অনুযায়ী ICRRS রেটিং মান পুনঃনির্ধারণ করা হয়েছে, যা ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত বহাল থাকবে (কপি সংযুক্ত)। সে ক্ষেত্রে, পরিমানগত অংশের স্কোর যদি ৪০% এর নীচে হয়, তবে গুণগত অংশের স্কোর যাই হোক না কেন, গ্রাহকের সামগ্রিক রেটিং হবে 'অগ্রহণযোগ্য'। | | | |

ঝ) যদি কোনো গ্রাহকের ICRRS রেটিং 'অগ্রহণযোগ্য' হয় তবে বিদ্যমান ঋণ হিসাবসমূহ সর্বোচ্চ দুইবার নবায়ন কিংবা বর্ধিতকরণ করা যাবে।

০৩। উল্লিখিত শর্তাবলী ছাড়াও ICRRS গাইডলাইন এ বর্ণিত অন্যান্য পরিপালনীয় বিষয়াবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, প্রণীত গাইডলাইন ও সময়ে সময়ে জারীকৃত এতদসংশ্লিষ্ট হালনাগাদ নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের মাধ্যমে একটি টেকসই ঋণ ব্যবস্থাপনা প্রতিষ্ঠায় ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

27/02/24

(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। উপমহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বানিজ্য, জেনারেল ক্রেডিট, এসএমই, কৃষি ও পল্লী ঋণ বিভাগ এবং সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। নথি/মহানথি।

27/02/2024

(মুহাম্মদ ওবায়দুল আকবর)
সহকারী মহাব্যবস্থাপক

H:\My Drive\Obaidul Akbar\ICRRS.doc